

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নম্বর-০৫.৪৪.৫০৩৯.০৩৯.৫৫.০২৯.২৬.৪৪০

তারিখঃ ০২.০৮.২০২৬ খ্রিঃ

মৌখিক পরীক্ষার সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬'এর আলোকে দেশব্যাপী ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সেই লক্ষ্যে কুষ্টিয়া জেলাধীন দৌলতপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের মধ্যে যারা গত ২৯ জুলাই ২০২৬ ও অদ্য ০২/০৮/২০২৬ খ্রি. তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেননি তাদের মৌখিক পরীক্ষা আগামী ০৪/০৮/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়ায় অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে যারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাদের ২য় বার পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন নাই। ২য় বার মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন।

শর্তাবলী:

- (১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারী চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;
- (২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে;
- (৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;
- (৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;
- (৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;
- (৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;
- (৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য;
- (৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;
- (৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;
- (১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;
- (১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতামেন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;
- (১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং
- (১৩) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

 ০২/০৮/২০২৬

অনিন্দ্য গুহ
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী
নির্বাচন কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া।

তারিখঃ ০২.০৮.২০২৬ খ্রিঃ

স্মারক নম্বর-৫.৪৪.৫০৩৯.০৩৯.৫৫.০২৯.২৬.৪৪০/১ (১)

সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় সংসদ সদস্য ৭৫ কুষ্টিয়া- ১
- ২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। অফিস কপি।

 ০২/০৮/২০২৬

অনিন্দ্য গুহ
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
দৌলতপুর, কুষ্টিয়া।